



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

আলমপুর, কদমতলী, দক্ষিণ সুরমা, সিলেট

www. Sylhetboard.gov.bd.

স্মারক নং সিশিবি/ পনি/এস এস সি /ফলাফল /২০১৬/ ১২৬

তারিখ : ০৮/০৫/২০১৬

বিষয় : ২০১৬ সালের ফেব্রুয়ারী-মার্চ মাসে অনুষ্ঠিত মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার ফল প্রকাশ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সরকারের সিদ্ধান্ত মোতাবেক ২০১৬ সালের ফেব্রুয়ারী-মার্চ মাসে অনুষ্ঠিত মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার ফল শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে ও সংশ্লিষ্ট কেন্দ্র থেকে আগামী ১১/০৫/২০১৬ ইং তারিখ বুধবার বেলা-২.০০ টায় সারাদেশে একযোগে প্রকাশিত হবে। শিক্ষা বোর্ড কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক ২০১৬ সালের এস এস সি পরীক্ষার ফল শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে এবং কেন্দ্রের E-mail address বরাবরে যথা সময়ে প্রেরণ করা হবে। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান ও কেন্দ্রভিত্তিক ফলাফল ডাউনলোড করতে পারবেন। শিক্ষা প্রতিষ্ঠান ও কেন্দ্রের ক্ষেত্রে সরবরাহকৃত পাসওয়ার্ড ব্যবহার করতে হবে।

উল্লেখ্য, মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার ফল সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয় ও কেন্দ্রে হার্ড কপি প্রেরণ করা হবে না।

প্রাপক :

জেলা প্রশাসক


সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ।

নির্ধারিত সময়ে ফলাফল পেতে সমস্যা হলে নিম্নোক্ত

নম্বরে যোগাযোগের জন্য অনুরোধ করা গেল :

০৮২১-৮৪০০৮৫, ৮৪০০৯০, ৮৪০০৯১


চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

  
(মোঃ সাগদুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

সিলেট।



অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১। কেন্দ্র সচিব, এস এস সি পরীক্ষা -২০১৬ সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন সকলকেন্দ্র।

২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।

৩। সংরক্ষণ নথি।